

স্মারক নং-২৭.৪১৪৭.৫১০.০০১.০৩৮.২০.৬৪৪৬

তারিখঃ

০৯ অগ্রহায়ণ' ১৪২৭ বঙ্গাব্দ
২৪ নভেম্বর' ২০২০ খ্রিঃ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান প্রসঙ্গে।

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নের বর্ণনা ও শর্ত অনুযায়ী পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য (লোডিং-আনলোডিংসহ) বাংলাদেশের প্রকৃত পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে পুনঃ দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	কাজের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য	মোট মূল্য
০১	৩ ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ এনার্জিপ্যাক রেটিং-০৫ এমভিএ, সিঃ নং-৫০০০-৮৮, প্রস্তুতের সন-২০১০খ্রিঃ, ওজনঃ ১৩ টন (শার্শা-২ (বাগআঁচড়া) উপকেন্দ্র হতে সিস্টেম অপারেশন, ওয়ার্কশপ, বাপবিবো খুলনা)	০১ টি		
০২	৩ ফেজ পাওয়ার ট্রান্সফরমার, প্রস্তুতকারকঃ এনার্জিপ্যাক রেটিং-০৫ এমভিএ, সিঃ নং-৫০০০-৫৩, প্রস্তুতের সন-২০১০খ্রিঃ, ওজনঃ ১৩ টন (বাঘারপাড়া-১ (বাঘারপাড়া) উপকেন্দ্র হতে সিস্টেম অপারেশন, ওয়ার্কশপ, বাপবিবো খুলনা)	০১ টি		
সর্বমোট =				

(কথায়ঃ -----)


শর্তাবলীঃ

- ০১। দরপত্র আগামী ০১/১২/২০২০ খ্রিঃ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভপবন (১০ তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাস্তবে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ০১/১২/২০২০ খ্রিঃ ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর ও (খ) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের খামের উপরে “পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে স্বাক্ষর ও সীলমোহর প্রদান পূর্বক সীলগালাযুক্ত করে উপরের ছক অনুযায়ী দর দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রের কোথাও ঘষামাজা, কাঁটা - হেঁড়া বা ফ্লুইড লাগানো যাবে না।
- ০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সী সনদ ও আয়কর পরিশোধের সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের সময় লোডিং/ আনলোডিং বাবদ খরচ দরদাতাকে বহন করতে হবে। উদ্ধৃত দর ছাড়া অতিরিক্ত কোন বিল প্রদান করা হবে না।
- ০৬। পাওয়ার ট্রান্সফরমার পরিবহন, লোডিং-আনলোডিং এর সময় কোন ক্ষয়-ক্ষতি হলে বা হারিয়ে গেলে অথবা মেরামতের অযোগ্যরূপে বিনষ্ট হলে ক্ষতিপূরণ বাবদ অর্থ কার্যাদেশ প্রাপ্ত পরিবহন ঠিকাদারকে বহন করতে হবে।

অপর পাতায়


২য় পাতা

- ০৭। কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে ট্রান্সফরমার পরিবহন (লোডিং-আনলোডিংসহ) কাজ সম্পাদন করতে হবে। যথাসময়ে তা করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৮। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পর দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করে বিল পরিশোধ করা হবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাস্য থাকলে/ ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।
- ১০। যশোর পবিস - ১ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করবার অধিকার সংরক্ষণ করে।
- ১১। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। আগ্রহী দরদাতাগণ বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট WEB: www.pbsl.jessore.gov.bd এ দেখতে পারবেন।


(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, যশোর।
- ০৩। জেলা প্রশাসক, যশোর।
- ০৪। পুলিশ সুপার, যশোর।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস ১/২/৩/৪।
- ০৬। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, যশোর।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/শার্শা/ঝিকরগাছা/চৌগাছা বাঘারপাড়া উপজেলা, যশোর।
- ১০। ডিজিএম, শার্শা/ঝিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
- ১১। এজিএম (ওএন্ডএম), বাগআঁচড়া/বাঁকড়া সাব-জোনাল অফিস, যশোর পবিস -১।
- ১২। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
- ১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ১৪। মেসার্স
- ১৫। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
- ১৬। অফিস কপি / মাস্টার কপি।


জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)